বিগত ২০ ডিসেম্বর, ২০২৪ তারিখে তুলনামূলক সাহিত্য কেন্দ্রের মাসিক বক্তৃতামালা চর্চায় বক্তব্য রাখেন অসমীয়া বিভাগের অধ্যাপক সংগীতা শইকীয়া। তাঁর বক্তব্যের বিষয় ছিল “মধ্যযুগীয় অসমীয়া সাহিত্যে অনুবাদের প্রভাব।” প্রথমে কেন্দ্রের অধ্যাপক সোমা মুখোপাধ্যায় বক্তার পরিচয় দেন। সংগীতা শইকীয়া অসমীয়া ভাষা ও সাহিত্যের একজন বিশিষ্ট অধ্যাপক, এবং দীর্ঘ দিন ধরে অসমীয়া ভাষা ও সাহিত্য নিয়ে কাজ করে চলেছেন।

সংগীতা শইকীয়া বক্তব্যের শুরুতেই অসমীয়া সাহিত্যে অনুবাদের প্রভাব ও মধ্যযুগে সেই প্রভাব কি ভাবে প্রাসঙ্গিক হয়ে উঠেছিল তা তুলে ধরেন। মধ্যযুগীয় অসমীয়া সাহিত্যের অন্যতম বৈশিষ্ট্য ভক্তি আন্দোলনের প্রভাব। এই সময় অনুবাদের মাধ্যমে সংস্কৃত থেকে অসমীয়া ভাষায় বিভিন্ন গ্রন্থের আগমন ঘটে। শঙ্করদেব তাঁর অনুগামীদের নিয়ে সংস্কৃত থেকে কীর্তন এবং ভাগবতের অংশ অনুবাদ করেছিলেন। এই অনুবাদগুলি সাধারণ মানুষের মধ্যে ধর্মীয় চেতনা জাগাতে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে।

অনুবাদ মধ্যযুগীয় অসমীয়া সাহিত্যের বিকাশের একটি গুরুত্বপূর্ণ উপাদান ছিল। এটি কেবলমাত্র একটি ভাষা থেকে অন্য ভাষায় শব্দের রূপান্তর নয়, বরং একটি সাংস্কৃতিক এবং ভাবগত যোগাযোগের সেতু হিসেবেও কাজ করেছে। অসমীয়া সাহিত্যের মধ্যযুগীয় পর্বে বিভিন্ন উপাদান যেমন কামরূপী লিপি, আহোম থেকে অসম নামের বিবর্তন এবং হাসিপাথর পুঁথি সাহিত্য ও সংস্কৃতিতে গভীর প্রভাব বিস্তার করে। এগুলি মধ্যযুগীয় অসমীয়া ভাষা এবং সাহিত্যের ঐতিহ্য ও পরিচয়কে সংহত করেছে। অসমীয়া রামায়ণ ও মহাভারত মধ্যযুগীয় সাহিত্যের অমূল্য সম্পদ। শঙ্করদেব অসমীয়া ভাষায় কীর্তন, ভক্তি পদাবলী এবং নাটকের মাধ্যমে বৈষ্ণব ধর্মের প্রসার ঘটান। তিনি ব্রজবুলিতে সাধারণ মানুষের মধ্যে ধর্মীয় চেতনা এবং ঈশ্বরের প্রতি ভক্তি সঞ্চার করেছিলেন। প্রশ্নোত্তর পর্বের মধ্য দিয়ে এদিনের চর্চা শেষ হয়।

Pre-PhD Seminar of Sounak Dutta

Rachayita Sarkar



On September 23, 2024, Sounak Dutta, a doctoral candidate of Centre for Comparative Literature, Bhasha Bhavana, Visva-Bharati, presented his pre-PhD seminar. The event was conducted in hybrid mode, allowing both in-person and virtual participation.

In his thesis “From ‘Pravda’ to ‘Prabasi’: Translation-based Reception of the ‘Soviet’ in Bengali Literature in the Post-World War II Era (1945-1965),” Sounak Dutta explores the translation-based reception of Soviet literature in Bangla during the post-World War II era (1945-1965). Sounak provided a comprehensive overview of the timeline for his research and discussed the translation policies of the Soviet Union, emphasising the role of translation as a pivotal intermediary in the global circulation of literary works. He highlighted how Russian texts were primarily translated into English and then into Bangla often through periodicals. *Prabasi*, a popular Bangla periodical, played a crucial role in introducing Soviet literature to Bangla-speaking readers. Sounak elaborated on the impact of Soviet translation theories on Bangla literature and the processes of translation within Soviet periodicals.

Sounak also discussed the practical application of Soviet translation theories in Bangla translations, touching on how these theories influenced the literary exchanges between Russian and Bangla. He concluded his presentation with a reflection on Rabindranath Tagore’s idea of *Visvasahitya*, exploring how translation serves as a bridge for cross-cultural understanding and appreciation.

During the session, Sounak engaged with questions from his Research Advisory Committee members and the audience. He spoke about the necessity and pleasure of translation, which he described as a vital mechanism for the reception of foreign texts in different cultural contexts. Dheeman Bhattacharyya, Assistant Professor, Centre for Comparative Literature, Bhasha Bhavana, Visva-Bharati and Sajal Dey, Professor, Department of Russian Studies, The English and Foreign Languages University, Shillong, are supervising his PhD work. They also shared their views along with other members of Board of Studies, CCL. The seminar was an engaging and insightful discussion on the interplay of translation, literary history, and cross-cultural exchanges during a transformative period in Bangla literature.

Other Departmental Activities

Presentation of Audio Series by Santhosh Kana

Suparna Mondal



On August 22, 2024, the Centre for Comparative Literature, Bhasha Bhavana, Visva-Bharati, organised a special event featuring Santhosh Kana, who presented his forthcoming audio series “Rabindranath Tagore’s *Gitanjali: A Musical Pilgrimage*.” The series will be released on various online platforms. The event began with Nilanjana Bhattacharya introducing the works of Santhosh Kana. Kana commenced his presentation by reflecting the profound influence of Rabindranath Tagore on him from his early school years. He described the project as a cross-cultural dialogue between Kerala and Bengal, aiming to bridge these diverse cultural contexts through Tagore’s work. Following this introduction, Kana showcased two poems from his audio series. These poems were presented as recordings of his recitations accompanied by Sitar that acted as a substratum. Each audio piece was complemented by a short video clip filmed recently in and around Santiniketan, enhancing the auditory experience with visual context.

During the presentation, Kana discussed his deep fascination with *Gitanjali*, highlighting its potential to encourage students to develop into compassionate and thoughtful individuals, rather than merely pursuing a career. He emphasised on the multifaceted interpretations of *Gitanjali* and how the lyrics can offer diverse perspectives.

Kana also shared personal anecdotes about his experiences with Songs of Tagore and his accidental visit to Santiniketan. His background in theatre allowed him to explore the classroom as a theatrical space where learning becomes a dynamic and engaging process. The presentation concluded with a question-and-answer session, allowing the audience to engage directly with Santhosh Kana and delve deeper into his audio series.

Orientation of the Newly Admitted Students

Riddhi Gupta

The Orientation Programme for the newly admitted MA first year students, was conducted by the Centre for Comparative Literature, Bhasha Bhavana, Visva-Bharati, on September 24, 2024 from 2:30 PM. Dheeman Bhattacharyya, Teacher-In-Charge, Centre for

Comparative Literature, welcomed the students and highlighted different important aspects of the field of Comparative Literature such as the structure of the syllabus, strength of the centre, teacher-student relation, administrative structure and other relevant information. Soma Mukherjee explained the syllabus and discussed the pattern of examination system. While introducing Comparative Literature as an academic discipline to the students, she emphasised on how it can change a person's overall development and shape one's perspective towards the world.

Later, Sounak Dutta, one of the Senior Research Fellows of the Centre discussed the career prospects in the field of Comparative Literature. He talked about the variety of academic trainings that the field ensures and overlays on a student's academic life. Suparna Mondal, a Senior Research Fellow at the Centre, delved into the discussion on the available academic resources, both offline and online with the students. She also discussed life in Santiniketan, the different activities within the Bhavanas and festivals of Santiniketan. Through the orientation programme, the students were initiated in their new journey with Comparative Literature at Visva-Bharati.

Documentary Workshop in Collaboration with CJMC

Niranjan Sajeev

The Centre for Comparative Literature (CCL), Bhasha Bhavana, Visva-Bharati, in collaboration with Centre for Journalism and Mass Communication (CJMC), Vidya Bhavana, Visva-Bharati, organised a workshop on documentary filmmaking on December 9, 10, and 16, 2024, introducing participants to both the pre-production and production aspects of the craft. This initiative is aligned with the skill-based optional course on Script Writing being offered by CCL. On the first day, Apratim Bhattacharya conducted a session titled 'Process of Making a Documentary.' He provided an in-depth overview of the various stages of documentary production, including research, scripting, filming, and editing, while emphasising the importance of storytelling and the integration of visual and narrative elements.



The second day began with a session by Debdatta Koley, who screened the CJMC Silver Jubilee Documentary– a 20-minute film celebrating the Centre's journey. This was followed by a lecture on basic camera operations, where participants were introduced to fundamental techniques such as framing, focus, exposure, and camera movements.

The final session was conducted by Sudipto Das, who focused on sound for documentary. He highlighted the pivotal role of sound in creating compelling narratives, covering topics such as recording techniques, ambient sound, synchronisation, and sound editing. The upcoming sessions of the workshop will continue in the coming week giving participants more insights into the post-production and technical aspects of documentary filmmaking.

The workshop seamlessly combined theoretical insights with hands-on experience, providing participants with a strong foundation in documentary filmmaking while fostering creativity and critical thinking. This will culminate into a documentary film on the journey of CCL at Visva-Bharati in the last ten years.

Celebration of Bharatiya Bhasha Utsav

Soumojit Ghosh

Subramania Bharati's birth anniversary was celebrated with great enthusiasm as "Bharatiya Bhasha Utsav" by all the Departments and Centres of Bhasha Bhavana, Visva-Bharati on December 11, 2024. The event commenced from 4:00 PM at the ICT Room, Bhasha Bhavana.

The programme started with the traditional *baran* and lighting of the lamp by the Principal of Bhasha Bhavana, followed by the introductory speech by Subhas Chandra Roy, Professor, Hindi Bhavana, who shared the purpose of the event. The inaugural speech was delivered by Manoranjan Pradhan, Principal, Bhasha Bhavana.



Following the speeches, students from thirteen departments and centres of Bhasha Bhavana, performed songs, recitations and skits. The event began with the Department of Marathi and continued with performances by the departments of Bangla, Santali, Chinese, Centre for Comparative Literature, French, Italian, Japanese, Hindi, Odia, Sanskrit, Assamese and English. A skit titled "Miscommunication" was presented by the students of Centre for Comparative Literature. The skit aimed to highlight how multilingualism enriches our society if recognised. It emphasised how diverse and important each language system is. The performance illustrated the profound impact language has on our daily lives- shaping our thinking, influencing how we perceive the world, and enabling effective communication. The event concluded with a vote of thanks delivered by Sangita Saikia from Assamese Language Unit, Visva-Bharati.

আনন্দবাজারে তুলনামূলক সাহিত্য কেন্দ্রের অংশগ্রহণ

শিলাজিৎ মণ্ডল ও সুপর্ণা মণ্ডল



বিগত বছরের ন্যায় এ বছরেও বিশ্বভারতীর গৌর প্রাঙ্গনে ২ অক্টোবর মহালয়ার দিন অনুষ্ঠিত হলো আনন্দবাজার। আনন্দবাজারে বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক বিভাগের ছাত্রছাত্রীরা নিজস্ব বিভাগের স্টল দিয়ে থাকে। প্রতিটি বিভাগের ছাত্রছাত্রীরা নিজেদের হাতে তৈরী বিভিন্ন খাদ্য সামগ্রী, এছাড়াও বিভিন্ন হস্তশিল্পের কারুকার্য মেলায় আসা মানুষের কাছে বিক্রি করে থাকে। তুলনামূলক সাহিত্য কেন্দ্রের তরফেও এবার মেলার জন্য বিবিধ আয়োজন করা হয়েছিল। দলপতি হিসাবে এবার তুলনামূলক বিপণির দায়িত্বে ছিল বিভাগের গবেষক এডু শেরপা। বিভাগের ছাত্রছাত্রীদের দ্বারা প্রকাশিত পত্রিকা “তুমুলায়ন” বরাবরের মতো এবারেও আনন্দবাজারের দিন প্রকাশ পায়। পত্রিকার এবারের বিষয় ছিল “স্বপ্ন”। এছাড়া খাদ্য সামগ্রীর তালিকাতেও ছিল বৈচিত্র্যের সমাহার। কেরালার পিডি থেকে শুরু করে গুজরাটের ঢোকলা, বিহারের ঠেঁকুয়া থেকে বিদেশী কেক-কাস্টার্ড- বিভিন্ন স্বাদের হরেক রকম খাবার নিয়ে সেজে উঠেছিল তুলনামূলক বিপণির পসরা। আনন্দবাজারের ঐতিহ্য মেনে খাবারের নামকরণেও দেখা গিয়েছে অভিনবত্ব। ভুজিয়া চাটের নাম হয়েছিল ‘পঞ্চতন্ত্র,’ ঢোকলার নাম ‘সোনার কেপ্লা,’ ব্লু লেগুনের নাম ‘হিমুর নীল জোছনা,’ এমন আরো অনেক কিছু।

বিকেল ৪ টে নাগাদ আনন্দবাজার শুরু হতেই কিছু সময় পরে উপচে পরে ভিড়। বিভিন্ন বিভাগের স্টলে স্টলে নানা জিনিস বিক্রি হতে শুরু করে। সন্ধ্যা ৮টায় বিশ্বভারতীর তরফে আনন্দবাজারের সমাপ্তি ঘোষণা করা হয়। আনন্দবাজারে অংশগ্রহণ করা প্রত্যেক বিভাগের স্টলের লভ্যাংশ বিশ্বভারতীর সেবা শাখায় দেওয়া হয়, যা পরবর্তীতে বিশ্বভারতীর তরফে দুঃস্থ মানুষদের সাহায্যের জন্য ব্যবহার করা হয়।

রথীন্দ্র মেলায় তুলনামূলক সাহিত্য কেন্দ্রের অংশগ্রহণ

সাদিয়া আফরিন মোহনা ও শিলাজিৎ মণ্ডল

রথীন্দ্রনাথ ঠাকুর, যাঁর পরিচয় কেবলমাত্র কবিপুত্র নয় বরং তিনি একাধারে শিক্ষাবিদ, কৃষিবিজ্ঞানী ও বিশ্বভারতীর প্রথম উপাচার্য। তাঁরই জন্মদিনের স্মরণে ২৭-২৮ নভেম্বর বিশ্বভারতীর শিল্প সদনে আয়োজিত হয় দুদিন ব্যাপী মেলা, যা রথীন্দ্র মেলা হিসাবে পরিচিত। রথীন্দ্র মেলার উদ্দেশ্য হল রথীন্দ্রনাথ ঠাকুরের জীবনের অবদান, তাঁর কর্মকে স্মরণ করা এবং তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা। উক্ত মেলাটি শিল্প সদনের ছাত্র-ছাত্রী ও অধ্যাপকদের



দ্বারা আয়োজিত হয়ে থাকে। শিল্প সদনের সকল বিভাগের ছাত্র-ছাত্রীদের উদ্যোগে নিজেদের তৈরি পণ্যের পসরা সাজানো হয় রথীন্দ্র মেলায়। রথীন্দ্র মেলার সাজসজ্জায় থাকে নান্দনিকতার ছোঁয়া। মেলা থেকে প্রাপ্ত অর্থ রথীন্দ্র অর্থ তহবিলে জমা করা হয়, যা পরবর্তীতে ব্যয় করা হয় বিভাগীয় দুষ্ট শিক্ষার্থীদের জন্য। এবারের রথীন্দ্র মেলায় অনেকগুলি বিপণি বসেছিল, তবে মূল আকর্ষণ ছিল 'হ্যান্ডস অন পটারি' বিভাগ এবং মেহেন্দি পড়ানোর স্টলে। শুধু মেয়েরা নয় ছেলেরাও আনন্দ সহকারে মেহেন্দি পড়ছিল। গ্রাম বাংলার ছোট ছোট তৈজসপত্র দিয়ে সাজানো হয়েছিল সম্পূর্ণ মেলাটি। রথীন্দ্র মেলায় ছিল বিভিন্ন স্বাদের খাবার, সেরামিক, টেরাকোটা, পেপার পাল্প, পাথর, কাঠ, মাদুর কাঠি ইত্যাদি বিভিন্ন জিনিসের সমাহার। বিশ্বভারতীর প্রায় সকল বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের পদচারণায় মুখরিত হয়ে উঠেছিল রথীন্দ্র মেলার প্রাঙ্গণ। অন্যান্য বিভাগের মত তুলনামূলক সাহিত্য বিভাগের শিক্ষকেরাও শিক্ষার্থীদের নিয়ে সমস্ত মেলা প্রাঙ্গণ প্রদক্ষিণ করেন ও রথীন্দ্র মেলাকে আরো উৎসবমুখর করে তোলেন। এই যে সম্প্রীতির বন্ধন, এই যে সংস্কৃতির বন্ধন এটিই প্রতি বছর নতুন উদ্দীপনার সাথে রথীন্দ্র মেলা আয়োজনের মূলমন্ত্র হিসেবে কাজ করে।

Nandan Mela Visit by Students of CCL

Soumojit Ghosh, Sinjini Ghosh, Tushita Banerjee

The UNESCO World Heritage Site of Santiniketan's campus of Visva-Bharati University transformed into a vibrant canvas of art and culture with the annual Nandan Mela, a grand celebration honouring the life and works of the renowned artist Nandalal Bose. This year marks the 51st year of the festival, which is held in memory of Bose, who played a pivotal

role in shaping Visva-Bharati's Kala Bhavan. Nandan Mela is held on December 1st and 2nd to commemorate Bose's birthday on December 3rd.

This year, the mela offered a rich tapestry of artistic expressions, showcasing the talents of students from the six departments of Kala Bhavan- Ceramics, Graphics, Textiles, Sculpture, Painting, and History of Art. The campus was adorned with a wide range of installations created by students of Kala Bhavana specifically for the fair. Artworks created throughout the years were displayed and sold at the mela. In addition to the student exhibits, the mela also featured stalls by alumni, a variety of food stalls, and book stalls specialising in art and culture. The event has become a much-anticipated reunion for Kala Bhavana alumni, who come together to celebrate their shared heritage and reconnect with friends. Beyond the visual arts, Nandan Mela is also a platform for cultural performances. This year, the festival showcased traditional dances like Bihu and Manipuri dance, as well as theatrical production like *Jogjhompo*, which has its own politics.



Crossroads

The students at the Centre for Comparative Literature have been exploring multiple career options that are aligned with their skills and choices. The Centre celebrates their journey as they have moved beyond the chartered recognitions.



Sounak Dutta represented team India at the Singapore AI Safety Red Teaming Challenge held in Singapore on November 3-6, 2024. The competition was to identify bias and stereotypes in the contemporary Large Language Models (LLM) like Llama, Anthropic etc. 10 Asian teams participated in the competition, each team consisted of 5 experts. Team India stood second in the competition.

Kathakali Ghosh, a former student of Centre for Comparative Literature, got featured in the cover story of *Sananda* (November 15, 2024 issue) titled “Pop-up-e Bosote Lokkhi” for her gift items and clothing brand *Noor Art and Crafts*. According to Kathakali, her journey from academia to entrepreneurship is linked with the preparation for Anandabajar back when she was a student at the Centre.



Ritwika Pal, a former student of Centre for Comparative Literature, made her debut in *Kia and Cosmos* in 2019. She won the Best Female Debut Award at the 4th Filmfare Awards Bangla ceremony for her role in this film. She also played a significant role in *Lokkhi Chhele* (2022), written and directed by Kaushik Ganguly. According to her, “Comparative Literature gave me a nuanced understanding about filmmaking because it really opened up my view about stories, how stories are told, the way stories are told, why stories are told and the different ways stories can be told.”



শোকবার্তা

বিগত কয়েক মাসের মধ্যে আমরা হারিয়েছি আমাদের দুই অভিভাবক, দুই শিক্ষাব্রতীকে, শান্তিনিকেতনে সারস্বত চর্চার ক্ষেত্রে যাঁরা রেখে গেছেন তাঁদের অমূল্য অবদান- অধ্যাপক রামবহাল তেওয়ারী ও অধ্যাপক সুনীতি কুমার পাঠক।



অধ্যাপক রামবহাল তেওয়ারীর স্মৃতিতে

সোমা মুখোপাধ্যায়

সমাজ ও সংস্কৃতির স্বতঃস্ফূর্ত দান মানুষ। তাতেই তিল তিল করে তার হৃদয়, মন, আচার-আচরণের স্রোত রসে ভিজে গড়ে ওঠে। একাধিক সমাজ-সংস্কৃতির সমন্বয় সমৃদ্ধিতে এই গড়ে ওঠাটা আরো পাকাপোক্ত ও সুফলপ্রসূ হয়। শুভ সঙ্গলাভাকাজক্ষী পরহিতব্রতী মানবমণ্ডলীর আশীর্বাদপুষ্ট হলে তো সোনায়ে সোহাগা। এই সুযোগ-সুবিধা ভাগ্যে না থাকলে সর্বরিজ্ঞ, ভিন্নভাষী বালকের পক্ষে আলোর সন্ধান পাওয়া অসম্ভব, অকল্পনীয় পথচেনা ও অগ্রসর হওয়া।

উপরের উদ্ধৃতিটি অধ্যাপক রামবহাল তেওয়ারীর স্মৃতি কৌমুদী-র (২০২২) “আমুখ” অংশ থেকে নেওয়া হয়েছে। স্মৃতি কৌমুদী তাঁর আত্মজীবনীমূলক রচনা। এখানে উক্ত ভিন্নভাষী বালকটি স্বয়ং রামবহাল তেওয়ারী। উত্তরপ্রদেশের দেওরিয়া জেলার বরপার গ্রামে পন্ডিত গোমতী মণি ত্রিপাঠী ও কলাবতী দেবীর পঞ্চম সন্তান রামবহাল মণি ত্রিপাঠী ভূমিষ্ট হন ১৯৩৫ সালের ২রা ফেব্রুয়ারী। পরে এই বালক পরিচিত হন রামবহাল তেওয়ারী নামে। উত্তরপ্রদেশের গ্রাম থেকে শান্তিনিকেতনের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় পর্যন্ত তাঁর এই যাত্রা যে কোন সাহিত্য

রচনার উপজীব্য হয়ে উঠতে পারে। এক অর্থে, তাঁর জীবন, বোলপুর শান্তিনিকেতনে এসে তাঁর প্রাতিষ্ঠানিক শিক্ষালাভ, পরবর্তীকালে পাঠভবন ও বিশ্বভারতীর বাংলা বিভাগে তাঁর শিক্ষকতা করার যাত্রাপথ কেবলমাত্র ব্যক্তি রামবহাল তেওয়ারীর জীবন নয়, বরং বোলপুর-শান্তিনিকেতনের সমাজ-সংস্কৃতির পরিসরকে সহজ ও স্পষ্ট করে তুলে আনে পাঠকের কাছে।

উত্তরপ্রদেশের এক প্রত্যন্ত গ্রাম থেকে আসা কিশোর রামবহাল তেওয়ারী বোলপুরে এসেছিলেন বড় দাদা কেদারমণি ত্রিপাঠীর সঙ্গে। কেদারমণির পানের দোকান দেখাশোনা করতে আসা রামবহাল প্রথমে বাসন্তী প্রাইমারী স্কুলে ভর্তি হন। প্রাইমারী বৃত্তি পরীক্ষাতে জেলার মধ্যে প্রথম হয়ে, রামবহাল পড়াশোনা করতে থাকেন বোলপুর উচ্চ বিদ্যালয়ে, এবং সেখান থেকে প্রবেশিকা বা স্কুল ফাইনালে জেলার মধ্যে প্রথম হন ১৯৫৬ সালে। ইন্টারমিডিয়েট পর্যায়ে রামবহাল ভর্তি হন বেলেড়ের রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরে। ১৯৫৮ সালে ইন্টারমিডিয়েট পাশ করে বিশ্বভারতীর বাংলা বিভাগে প্রতিষ্ঠা পর্যায়ের পরীক্ষাতে উত্তীর্ণ হন ১৯৬১ সালে। এই একই প্রতিষ্ঠান থেকে এমএ পাশের পর, শ্রীনিকেতনের শিক্ষাচর্চাতে হিন্দীর শিক্ষক হিসেবে যোগদান করেন রামবহাল। কিছুকাল রবীন্দ্রভবনের রবীন্দ্র গবেষণা কর্মের সহায়করূপে কাজ করার পর পাঠভবনে শিক্ষক হিসেবে যুক্ত থাকেন ১৯৭৭ সাল পর্যন্ত। ১৯৭৭ থেকে ২০০২ পর্যন্ত বিশ্বভারতীর বাংলা বিভাগে অধ্যাপনা করেন।

অধ্যাপক রামবহাল তেওয়ারীর সুদীর্ঘ কর্মজীবনের মধ্যে রচিত গ্রন্থসূচীর মধ্যে আমরা দেখি *আধুনিক বাংলা ও হিন্দী ছন্দ* (১৯৭৭), *আধুনিক ওড়িয়া ছন্দ* (১৯৮০), *রবীন্দ্রনাথ ও হিন্দী ছন্দ* (১৯৮৬), *ছন্দ পরিচয়* (১৯৮৮), *রবীন্দ্রনাথ ও পূর্বাঞ্চলের চার ভাষার ছন্দ* (১৯৯৩), *বাংলা ছন্দ সাহিত্যের ইতিহাস* (২০১৩)-এর মত বইগুলিকে। বাংলা, ওড়িয়া, হিন্দী, অসমিয়া - এই ভাষাগুলিকে কেন্দ্র করে আধুনিক ভারতীয় কবিতা ও ছন্দ সম্পর্কে তাঁর আলোচনাগুলি আধুনিক ভারতীয় সাহিত্যকেন্দ্রিক গবেষণাকে এক নতুন পথের সন্ধান দেয়।

বর্তমান ভারতবর্ষে তুলনামূলক সাহিত্য চর্চা, বিভিন্ন ভারতীয় ভাষার মধ্যে আন্তঃসম্পর্কের মাধ্যমে সাহিত্য পাঠের কথা বলে। অধ্যাপক রামবহাল তেওয়ারীর পরবর্তী আলোচনাগুলি প্রত্যক্ষভাবে এই আন্তঃসম্পর্কগুলিকে তুলে আনে পাঠকের সামনে। বিভিন্ন ভারতীয় ভাষায় রবীন্দ্রনাথের প্রতিগ্রহণ নিয়ে রচিত হয় *রবীন্দ্র প্রবাহ* (১৯৯০) বঙ্কিমচন্দ্রের কাব্য এবং বঙ্কিমের হিন্দী সাহিত্যে প্রতিগ্রহণ নিয়ে প্রকাশিত হয় *বঙ্কিমবীক্ষা* (১৯৯৩)। এই ভাবধারার পরবর্তী বইগুলি হল *সূর্যকান্ত ত্রিপাঠী নিরালা* (১৯৯৯), *রবীন্দ্রনাথ ও হিন্দী সাহিত্য* (২০০১) ইত্যাদি। রামবহাল অনুবাদ করেছেন বাংলা থেকে হিন্দী এবং হিন্দী থেকে বাংলাতে। *সুরপদ রত্নাবলী* (১৯৮৪), *প্রেমচন্দ্রের শিশু সাহিত্য: তেরটি গল্প* (২০০৯) হল কয়েকটি অনুবাদ কর্মের উদাহরণ।

ভারতীয় প্রেক্ষিতে এক ভারতীয় ভাষা থেকে অন্য ভাষাতে অনুবাদ, সাহিত্যের আন্তঃসম্পর্ক এবং বিভিন্ন ভারতীয় ভাষার ছন্দ ভাবনা ও তাদের অভ্যন্তর স্বরূপ চর্চা - এই সবগুলিই তুলনামূলক সাহিত্যের পঠনপদ্ধতির ভিত্তি হিসেবে গৃহীত হয়। অধ্যাপক রামবহাল তেওয়ারী তাঁর জীবনের অভিজ্ঞতার মধ্যে যে “একাধিক সমাজ সংস্কৃতি সমন্বয় সমৃদ্ধির” উল্লেখ করেছেন, সেই সমন্বয়ের প্রকাশ ঘটেছে তাঁর সাহিত্য আলোচনার পরিসরে। একই সঙ্গে অধ্যাপক তেওয়ারীর সমন্বয় ভাবনার আরেক অপূর্ব সমাপন ঘটেছে, যখন তিনি বিশ্বভারতীর তুলনামূলক সাহিত্য কেন্দ্রের পাঠ সমিতির সদস্য হিসেবে যুক্ত হয়েছেন ২০১৩ সালে। এই কেন্দ্রের সকল ছাত্রছাত্রী এবং শিক্ষকদের কাছে অধ্যাপক রামবহাল তেওয়ারী হয়ে উঠেছিলেন অভিভাবক ও শিক্ষক। বৌদ্ধিক ও কার্যকরী স্তরে তাঁর সহজ ও গভীর উপদেশ এই কেন্দ্রের সমস্ত শিক্ষক ও ছাত্রদের ভবিষ্যতের পথ দেখাবে।

গত ২৬ আগস্ট, ২০২৪-এ অধ্যাপক-সাহিত্যিক রামবহাল তেওয়ারী প্রয়াত হয়েছেন। বিশ্বভারতীর তুলনামূলক সাহিত্য কেন্দ্র হারিয়েছে এক স্বজন এবং অভিভাবককে। কিন্তু এই কেন্দ্রের শিক্ষকদের মনে থাকবে উত্তরপ্রদেশ থেকে আগত সেই কিশোরকে, যিনি ভাষা ও সংস্কৃতির মধ্যে সমন্বয় সাধন করেছেন তাঁর জীবন অভিজ্ঞতার মাধ্যমে। তাঁর সাহিত্য আলোচনা বিভিন্ন ভারতীয় ভাষার মধ্যে সেতুবন্ধন করেছে। বিদায়সম্ভাষণ হিসেবে তাঁর “স্বস্তিবাণী” আমাদের জীবনের পাথেয় হয়ে থাকবে। আর আমাদের মনে থাকবে তাঁর স্মৃতিকাহিনীর একটি অংশ- “আকস্মিক ও বিচিত্র ঘটনা পরস্পরের কথামালার অন্তরালে যা আত্মগোপন করে আছে, তাকে আবিষ্কার করার প্রয়াস মূল্যহীন হলেও গুরুত্বহীন নাও হতে পারে। কারণ, পৃথিবীতে কোনো কিছুই ‘ফেলনা’ নয়। কোথাও না কোথাও তার অস্তিত্বের গুরুত্ব আছে। এটাই আমাদের মোদা কথা।”

অধ্যাপক সুনীতি কুমার পাঠক স্মরণে

সুপর্ণা মণ্ডল

অধ্যাপক সুনীতি কুমার পাঠককে প্রথম দেখেছিলাম ২০১৬ সালে বিশ্বভারতীর তুলনামূলক সাহিত্য কেন্দ্রের একটি অনুবাদ কর্মশালায়। কর্মশালার এক অংশগ্রহণকারী হিসাবে লক্ষ করেছিলাম, বয়সে এত প্রবীণ হওয়া সত্ত্বেও বিদ্যাচর্চায় তাঁর উৎসাহ বিন্দুমাত্র ম্লান হয়নি। পুরো কর্মশালা জুড়ে তিনি সব সময় উপস্থিত থেকে, অনুবাদকদের জরুরি পরামর্শ দিয়ে সাহায্য করে গেছেন। ৫ ডিসেম্বর ১০১ বছর বয়সে তিনি শান্তিনিকেতনে নিজ বাসভবনে প্রয়াত হয়েছেন। তাঁর স্মরণে তুলনামূলক সাহিত্য কেন্দ্রে একটি শোক সভার আয়োজন করা হয়েছিল।

১৯২৪ সালের ১ মে পশ্চিম মেদিনীপুর জেলার মল্লিঘাট গ্রামে সুনীতি কুমার পাঠকের জন্ম। ১৯৫০ সালে তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ে সংস্কৃতে স্নাতকোত্তর উত্তীর্ণ হন। স্নাতকোত্তর পাস করে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বৃত্তি লাভ করেন। এই সময় থেকেই তাঁর তিব্বতী ভাষাশিক্ষা শুরু হয়। বিশ্বভারতীর অধ্যাপক প্রবোধচন্দ্র বাগচী তাঁকে বিশ্বভারতীর তিব্বতী বিভাগে যোগদানের আহ্বান জানালে তিনি ১৯৫৪ সালে বিশ্বভারতীতে যোগদান করেন। তিব্বতী ভাষা শেখার জন্য সুনীতিকুমার পাঠক কালিম্পং-এ বিখ্যাত তিব্বত-বিশেষজ্ঞ নিকোলাস রোয়েরিখের কাছে গিয়েছিলেন। তিব্বতী পুঁথির সন্ধানে তিনি হিমালয়ের প্রত্যন্ত সব অঞ্চলের বৌদ্ধ মনাস্ট্রিতে ঘুরে বেড়িয়েছেন। বিশ্বভারতীর সংগ্রহে থাকা বহু তিব্বতী পুঁথির অনুবাদ করেছেন সুনীতিকুমার। তিব্বতী ছাড়াও পালি, প্রাকৃত, অপভ্রংশ, হিন্দি, মৈথিলি, ভোজপুরি, চিনা, মোগোলিয়ান প্রভৃতি ভাষাতেও পারদর্শী ছিলেন তিনি। ভারত সরকারের নির্দেশে ইন্দো-তিব্বত সীমান্তে নিযুক্ত সৈনিকদের তিব্বতী ভাষা শেখানোর কাজেও নিযুক্ত ছিলেন।

নিরলস বিদ্যাচর্চার জন্য ২০০৭ সালে সুনীতিকুমার পাঠক রাষ্ট্রপতি পুরস্কারে ভূষিত হন। ২০১৮ সালে বিশ্বভারতীর সর্বোচ্চ সম্মান দেশিকোত্তম লাভ করেন। এছাড়া আরো বিভিন্ন সম্মান তিনি অর্জন করেছেন সারা জীবন ধরে। বৌদ্ধবিদ্যাচর্চা এবং তিব্বতী ভাষা ও সাহিত্য নিয়ে তিনি বহু প্রবন্ধ রচনা করেছেন। তাঁর রচিত ও সম্পাদিত গ্রন্থের মধ্যে রয়েছে *Indian Nitisastras in Tibet, A Bilingual Glossary of Nagananda, A*

Descriptive Catalogue of the Indigenous Tibetan Manuscripts, বৌদ্ধতন্ত্র: রূপ ও বিকাশ, রচনাসংগ্রহ (দুই খণ্ডে) প্রভৃতি। আজীবন সহজ সরল জীবন যাপন করা এই বিদ্যাব্রতীর শান্তিনিকেতনের বাড়িতে ছাত্রছাত্রী-সহ সকলের ছিল অব্যাহত দ্বার। সুনীতি কুমার পাঠকের প্রয়াণে শান্তিনিকেতনে যেন একটা যুগের অবসান হল।

Book Review

Ramblings of a Bandra Boy

Joy Bimal Roy


Self-Published, 2023

Price: 500/-

Dheeman Bhattacharyya

Joy Bimal Roy unknowingly entered the realm of literary historiography with his *Ramblings of a Bandra Boy*. The apparently non-seriousness of this born-digital text is a work of art in the age of digital reproduction. Interestingly, his ramblings (FB posts) continue on the digital space hinting a sequel to his self-published metanarratives. He deliberately denies the burden of a chronology- often imposed on commissioned history writing. Joy is a storyteller who is narrating stories about his time, society and the people around him. The ordinariness of things juxtaposed with epiphanic moments of self-realization as an insider to the film making business in India exposes the trials and tribulations of an Artist. The unfolding pattern of the inter-connected narratives in *Ramblings* is a visual story-board of a film which is in search of a director and a genre.

As the son of the iconic film maker and producer Bimal Roy, Joy recollects his journey to historical places like Beirut and Athens in 1964 with his subtle dose of humour. Bimal Roy died in 1966 and the book starts with this personal loss. The factual narration reminds us of the baritone with which Satyajit Ray narrates the opening scene of his documentary on Rabindranath. Apparently, death, remembrance, recollection of early childhood blends into a romantic prose which he receives as residual element as a glocal free-spirited Bengali. His *Asade goppos* are a perfect match to his episode on *Jol-Khabar*. The Kapoor's are known for their hospitality and food, the Roys kept a decent table as well. His sisters and cooks are like stock characters whom he introduces to narrate even his 'tale of a tub' reminding us of Nabaneeta di's *Bhalobashar Baranda*. At times the text functions as a testimonial as it interweaves the dark side of a nation and how the popular Hindi film industry discreetly maps the changing chronotype of *sadhin Bharatborsho* with its associated hopes and impediments. Educated in Bombay Scottish Societies High School, Joy refers back to his times in Kolkata, his Meshomoshai and Mejojyatha. The section on his stint at HMV and his work with Alisha Chinai is actually an important document for a researcher working in the field of popular music. His mother Manobina Roy (1919-2001) was one of India's first women photographers and the visual documentation of this exhibition reminds us of Arundhati Debi, whose works were part of the Bengal Biennale held at Arthshila, Santiniketan this year. From a casual introduction of his Yusuf uncle Joy interweaves a critical political history of our Nation into his narrative as



he shares anecdotes on how they were whisked off to watch *Ghasiram Kotwal*. The Godiwala Bungalow is a character by its own virtue, where sections of *Sujata* were shot. Joy, who assisted Shyam Benegal refrains from telling stories on that episode and moves to J like a master chef would do. A healthy portion of this telling tales transforms into a cook book by a man who disagreed to marry amusingly. There is a life beyond *Jukti, Takko aar Goppo* which his Bhoba Kaka might not have comprehended but Joy has. He upcycles saris as they have stories to tell-discreet, engaging, uncompromisingly feminine, graceful and possibly woven by handsome hands.


নীলকর টমাস ম্যাচেলের দিনলিপি (১৮৫০-১৮৫২)

অনুবাদ ও সম্পাদনা: পার্থসারথি ভৌমিক

সিগনেট প্রেস, ২০২৩

মূল্য: ৭০০/-

সুপর্ণা মণ্ডল



ঔপনিবেশিক ভারতের প্রেক্ষাপটে নীলকর সাহেবদের অত্যাচারের কথা সর্বজনবিদিত। ঊনবিংশ শতকে দীনবন্ধু মিত্রের “নীলদর্পণ”-এর মতো বহু সাহিত্যিক নিদর্শন পাওয়া যায় যেখানে এই বিষয়ের প্রতিফলন ঘটেছে। কিন্তু কেমন ছিল স্বদেশ ত্যাগ করে ভারতে আসা ব্রিটিশ নীলকরদের অভিজ্ঞতা, কেমন ছিল ভারতের প্রতি তাদের দৃষ্টিভঙ্গি? এই প্রশ্নগুলির উত্তর পাওয়া যায় সিগনেট প্রেস থেকে প্রকাশিত, পার্থসারথি ভৌমিক অনুদিত ও সম্পাদিত *নীলকর টমাস ম্যাচেলের দিনলিপি (১৮৫০-১৮৫২)* গ্রন্থে।

শিরোনাম থেকেই এ কথা পরিষ্কার যে এটি একটি দিনলিপি অর্থাৎ ডায়ারিধর্মী রচনা। তবে টমাস ম্যাচেল নামটি হয়তো সাধারণ পাঠকের পরিচিত নাম নয়। সে কারণে সম্পাদক গ্রন্থের শুরুতেই টমাস ম্যাচেলের একটি সংক্ষিপ্ত পরিচয় দিয়েছেন। ১৮২৪ সালে একটি সাধারণ স্কটিশ পরিবারে জন্মগ্রহণ করেছিলেন টমাস ম্যাচেল। মাত্র ষোলো বছর বয়সে তিনি জাহাজের কাজ নিয়ে প্রথম ভারতে আসেন কিছু উপার্জনের আশায়। ইস্ট ইন্ডিয়া কোম্পানিতে বড় চাকরি লাভের স্বপ্ন থাকলেও ম্যাচেলের সে স্বপ্ন পূরণ হয়নি। নীলকুঠির কুঠিয়াল হয়ে কিংবা ছোটখাট ব্যবসা করেই তাঁকে দিনাতিপাত করতে হয়েছে। সম্পাদকের ভাষায়, “এরকম মানুষদের ইতিহাস মনে রাখা না; জনৈক টমাস ম্যাচেলকেও ইতিহাস মনে রাখিনি। ইতিহাস তাঁকে মনে না রাখলেও টমাস ম্যাচেল নামক ব্যক্তি দু’শো বছর পরে আবার জীবন্ত হয়ে উঠতে পারছেন তাঁর লেখা দৈনন্দিন জার্নালের সুবাদে।” উল্লেখ্য, এই জার্নাল কিন্তু মূল ইংরাজিতে এখনও অপ্রকাশিত। অনুবাদক ব্রিটিশ লাইব্রেরি থেকে শুধুমাত্র বাংলায় অনুবাদের অনুমতি জোগাড় করতে পেরেছিলেন, যার সুবাদে বাংলাভাষাভাষী পাঠক এই ঐতিহাসিক দিনলিপিটি পড়ার সুযোগ পেল।

১৮৪০ থেকে ১৮৫৬ সাল অব্দি টমাস ম্যাচেল তাঁর রোজনামা লিখেছিলেন যার নির্বাচিত অংশ এই গ্রন্থে অনুদিত ও সংকলিত হয়েছে। লেখার পাশাপাশি ম্যাচেল তাঁর দিনলিপিতে বেশ কিছু ছবি ও অলঙ্করণও করেছিলেন, যার কিছু কিছু নিদর্শন আলোচ্য গ্রন্থেও উপস্থাপিত হয়েছে। দিনলিপির শুরু হয় ২০ ডিসেম্বর, ১৮৪০ থেকে ভারতগামী জাহাজে ম্যাচেলের প্রথম দিনের বিবরণ দিয়ে। উক্ত জাহাজের একটি ছবিও ম্যাচেল এঁকেছেন এখানে। ভারতে ম্যাচেলের জাহাজ প্রথম এসে ভেড়ে মাদ্রাজ উপকূলে। সেখানকার স্থানীয় মানুষদের গাত্রবর্ণ ও

তাদের ভাষা ম্যাচেলের কাছে অদ্ভুত লেগেছিল। ২৪ মে, ১৮৪১ তারিখে ম্যাচেল বাবুঘাটে পৌঁছান। দিনটিকে তিনি রানি ভিক্টোরিয়ার জন্মদিন হিসাবে স্মরণ করেছেন। এর থেকে ব্রিটিশ সাম্রাজ্যের প্রতি তাঁর আনুগত্যের কথা বোঝা যায়।

বাংলার সমকালীন সমাজচিত্র টমাস ম্যাচেলের দিনলিপিতে বিভিন্ন ভাবে পরিস্ফুট হয়েছে। ভারতীয়দের রীতিনীতি একজন বহিরাগত হিসাবে তাঁর মনে অভিঘাত সৃষ্টি করেছিল। কলকাতায় যখন তিনি গঙ্গার বুকে প্রথম মৃতদেহ ভেসে যেতে দেখেন, এবং দেখেন শকুনেরা সেই মৃতদেহ ঠুকরে খাচ্ছে, তখন তিনি আঁতকে ওঠেন। লগুনের টেমস নদীতে যদি এভাবে মৃতদেহ ভেসে যেত তাহলে কি হত তিনি কল্পনা করেন। প্রথম প্রথম ভারতীয়দের রীতিনীতি বিষয়ে ম্যাচেলের সম্যক ধারণা ছিল না। ১৮৪৬ সালে তিনি আবার যখন কলকাতায় আসেন তখন নীলকর হিসাবে তিনি কাজ শুরু করেন। এই সুবাদে বাংলার বিভিন্ন গ্রামে তাঁকে যাতায়াত ও বসবাস করতে হয়। দিনলিপিতে ম্যাচেল বাংলার একটি মানচিত্র অঙ্কন করে নীল ও চিনির কারখানাগুলিও চিহ্নিত করেছেন। নীলকুঠির বিভিন্ন কাজের বিবরণ, অন্যান্য কুঠিয়ালদের সঙ্গে সম্পর্ক, শিকারের বিবরণ ইত্যাদি বিভিন্ন বিষয় ম্যাচেলের দিনলিপিতে পাওয়া যায়। প্রখ্যাত ব্রিটিশ চিত্রশিল্পী কোলসওয়ার্দি গ্রান্টের সঙ্গে ম্যাচেলের পরিচয় হয়েছিল। গ্রান্টের অনুসরণে কিছু কিছু ছবি আঁকার চেষ্টা করেছিলেন ম্যাচেল কিন্তু নিজের অদক্ষতার কথাও স্বীকার করেছিলেন। গ্রান্ট নিজেও ম্যাচেলের একটি প্রতিকৃতি এঁকেছিলেন যা সম্পাদক এই গ্রন্থে যুক্ত করে দিয়েছেন। ম্যাচেল কোন কোন জায়গায় তাঁর দিনলিপিতে বাংলা অক্ষর অনুকরণ করে লেখার চেষ্টা করেছিলেন। উক্ত অংশগুলিও সম্পাদক বাংলা অনুবাদের সঙ্গে ছবি হিসাবে যুক্ত করেছেন।

সামগ্রিক ভাবে ভারতীয় সমাজ সম্বন্ধে টমাস ম্যাচেলের দৃষ্টিভঙ্গি নিয়ে যদি বলতে হয়, সেক্ষেত্রে কোন একরৈখিক মন্তব্য করা অসম্ভব। তবে ভারত নিয়ে তিনি কোন রোমান্টিক কল্পনাকে সমর্থন করতেন না তা পরিষ্কার। ৩১ জুলাই, ১৮৫০ তারিখের লেখায় তিনি একটি গ্রন্থের কথা উল্লেখ করেন যেখানে গঙ্গাতীরবর্তী জনপদের মানুষদের সারল্যের কথা বলা হয়েছে। ম্যাচেলের মতে, উক্ত গ্রন্থে এই অঞ্চলকে একটি 'ইউটোপিয়া' হিসাবে দেখানো হয়েছে, ব্যক্তিগত অভিজ্ঞতার কারণে যা তিনি সমর্থনযোগ্য মনে করেননি। তাঁর দিনলিপিতে জনৈক ব্রাহ্মণ পণ্ডিতের কথাও পাওয়া যায়। ম্যাচেল উক্ত পণ্ডিতের পাণ্ডিত্যের প্রশংসা করলেও চিরাচরিত সংস্কারের নিগড়ে তার মত মানুষেরা কেমন বন্দী হয়ে আছে, সে কথাও উল্লেখ করেন তিনি। একটি অংশে ম্যাচেল ভৃত্যদের বিবরণ দিয়েছেন বিস্তারিত ভাবে। ব্রিটিশশাসিত ভারতের সামাজিক ইতিহাসের গুরুত্বপূর্ণ দলিল এই অংশগুলি। ভৃত্যদের চাতুরী নিয়ে রসিকতা করতেও ছাড়েননি ম্যাচেল। রসিকতা করেছেন ভারতীয়দের নান্দনিকতাবোধের অভাব নিয়েও, মূলত ছবির বিষয়ে তাদের অজ্ঞতা নিয়ে।

সম্পাদক পার্থসারথি ভৌমিক এই দিনলিপিতে অনেক তথ্যসূত্র যুক্ত করেছেন যা সাধারণ পাঠককে গুরুত্বপূর্ণ প্রসঙ্গগুলি বুঝতে সাহায্য করে। পরিশিষ্ট অংশেও কিছু প্রাসঙ্গিক তথ্য ও ছবি যুক্ত হয়েছে। ম্যাচেলের কয়েকটি রঙিন ছবির নমুনাও দেওয়া হয়েছে শেষে। মূল ইংরাজি দিনলিপির প্রচ্ছদের ছবিটিই বাংলা অনুবাদে রাখা হয়েছে। মূল ইংরাজি দিনলিপিটি না পড়েও বলা যায় অনুবাদের ভাষা যথেষ্ট সাবলীল এবং সুখপাঠ্য। সে কারণে ইতিহাসজিজ্ঞাসু পাঠকের পাশাপাশি সাধারণ পাঠকের কাছেও গ্রন্থটির চাহিদা তৈরি হয়েছে।

Students' Publications

- Bag, Ankana. "P. C. Mozoomdar's Encounter with Japan: Commencements of Cultural Engagement." *Proceedings of Santiniketan - A Bridge between India and Japan and Various Aspects of Japan*, edited by Gita A. Keeni, New Delhi Publishers, 2024, Pp. 311-315.
- মণ্ডল, সুপর্ণা। "সম্পাদক মধুসূদনের সমাজসংস্কার ভাবনা।" *তিষ্ঠা ক্ষণকাল: মহাকবি মাইকেল মধুসূদন দত্ত জন্ম-দ্বিশতবর্ষ স্মারকগ্রন্থ*, গৌতম অধিকারী সম্পাদিত। হিন্দু স্কুল, জানুয়ারি ২৫, ২০২৪, পৃ. ২২১-২২৬।

Ongoing Research Works

- Ishani Dutta: *Of Recitals and Performances: Reading New Modes of Representation in Contemporary Indian Nepali Poetry in the Darjeeling Hills and Sikkim (2000- 2022)*
- Sounak Dutta: *Translation-based Reception of the 'Soviet' in Bengali Literature in the Post- World War II Era (1945-1965)*
- Mrityika Ghosh: *Contextualising the 'Canon' and 'Periphery': Historicising the Works of Select Nigerian Women Writers (1960 - 2020)*
- Edu Sherpa: *The Rise of the Indian Nepali Periodicals: A Historiography from 1900- 1950*
- Ankana Bag: *Exploring Cosmopolitanism and Nationalism: The 'Travel Writings' (1942-52) of Ramnath Biswas*
- Arjyarishi Paul: *Assessing the Idea of the Juvenile in India with Respect to Selected Bangla Illustrated Texts (1947-91)*
- Suparna Mondal: *বাংলা বিদ্যাচর্চায় ভারতীয় সাহিত্যের প্রতিগ্রহণ: প্রসঙ্গ 'সাহিত্যিক ইতিহাস' নির্মাণ (১৯৫০-১৯৯৯) [The Construction of 'Literary History': Indian Literature as Received in Bangla Literary Studies (1950-1999)]*

Completed Research Works

PhD

- Anita Gua Hembrom: *"Contemporary Santali Literature: A Historiography from "Below" [Supervisor: Dheeman Bhattacharyya and Damayanti Beshra]*

- Rakesh Kaibartya: “উপস্থাপন-শিল্পে লিঙ্গ বয়ান ও ‘প্রান্তিক’ শিল্পীর শরীর: আপকাপ, গম্ভীরা ও বহুরূপী শিল্পমাধ্যমগুলির একটি বহুমাত্রিক পাঠ” (Gender Discourse and the Body of the ‘Marginal’ Artist in the Performing Arts: A Multidimensional Reading of the Forms of Alkaap, Bohurupi and Gambhira) [Supervisor: Dheeman Bhattacharyya]
- Supriya Banerjee: Devi to Superwoman: A Feminist Reading of Select Graphic Novels of India from 2000-2014 [Supervisor: Nilanjana Bhattacharya]

MPhil

- Anita Gua Hembrom: *Hor Kahniko* (Santal Folktales): A Critical Study [Supervisor: Nilanjana Bhattacharya and Dukhia Murmu]
- Ankana Bag: Demystification and Re-mystification of a ‘Myth’: Negotiating Meiji (1868-1912) and Taisho (1912-1926) Japan through English and Bengali Women’s Travel Writings (1878-1928) [Supervisor: Soma Mukherjee]
- Arnab Das: Reading Interactive Fiction: Production and Reception [Supervisor: Nilanjana Bhattacharya]
- Deeya Bandyopadhyay: The Woman Reader: A Study of Bangla Prahasanas from the 19th Century Bengal [Supervisor: Nilanjana Bhattacharya]
- Mohammad Arif Uddin Mondal: The Creation of Binaries and Stereotypes: Kashmir in Hindi Cinema (1961-2020) [Supervisor: Soma Mukherjee]
- Piyali Sarkar: Quest for a Genre: A Thematic Study of Popular Bangla Science Fiction [Supervisor: Soma Mukherjee]
- Rakesh Kaibartya: লোকশিক্ষা ও লোকনাট্য: মুর্শিদাবাদের বোলান ও আলকাপ (Informal Education and Folk Performances: Bolan and Alkap of Murshidabad) [Supervisor: Nilanjana Bhattacharya]
- Riti Sharma: Looking for ‘Nigeria’: A Comparative Study of Collected short stories by Chinua Achebe and Chimamanda Adichie [Supervisor: Soma Mukherjee]
- Samaresh Mondal: নির্বাচিত বাংলা উপন্যাসে জেলেদের জীবন: বৈচিত্র্যের অনুসন্ধান [Supervisor: Professor Tapati Mukherjee]
- Sanghamitra Das: আত্মকথার আর এক দিক: বিশ শতকের মহিলা বিপ্লবীদের চিন্তায় [Supervisor: Soma Mukherjee]
- Sounak Dutta: ক্ষণজীবী আন্দোলনের দীর্ঘজীবী আখ্যান: বাংলার তেভাগা আন্দোলনে রাজনৈতিক ইতিহাস ও সাহিত্যিক ইতিহাসের সংযোগ (Narrative Continuity of a Transient Movement: Contact between Political History and Literary History in the Tebhaga Movement (1946-1949) of Bengal) [Supervisor: Dheeman Bhattacharyya]
- Subham Bhaumik: Intermedial and Audiovisual Translation in Literary Studies: English Subtitles in Satyajit Ray’s Film Adaptations of Rabinanath’s *Noshto Nirh* and *Ghare Baire* [Supervisor: Dheeman Bhattacharyya]

Upcoming Events

- January 10, 2025: Lecture on “Octavio Paz and India” by Indranil Chakravorty
- January 21, 2025: Commemorating the Centenary of Rabinanath's visit to Argentina, in collaboration with Coherent Digital (Lecture by Roberto Morales Harley, University of Costa Rica)
- February 25, 2025: Lecture by Subhro Bandyopadhyay and Jesus Aguado

For Prospective Students

CCL offers MA and PhD programmes in Comparative Literature as well as Minor and Multidisciplinary courses at the undergraduate level. Details about admissions and all syllabi can be found in the [Visva-Bharati website](http://visva-bharati.ac.in). Any academic query may be directed to cclvbu@visva-bharati.ac.in



Editorial Assistance: Suparna Mondal

Design: Rachayita Sarkar, Sruthi M and Niranjana Sajeev

Editor: Dheeman Bhattacharyya

Published by Centre for Comparative Literature, Bhasha Bhavana, Visva-Bharati

© Centre for Comparative Literature, Bhasha Bhavana, Visva-Bharati.

All rights reserved.